

📘 আন-নামাল | An-Naml | ٱلنَّمْل

আয়াতঃ ২৭: ৫৭

আরবি মূল আয়াত:

فَأَنجَينُهُ وَ أَهلَهُ إِلَّا امرَأَتَهُ قَدَّرنَهَا مِنَ الغبرِينَ ﴿٥٧﴾

🗚 অনুবাদসমূহ:

অতএব আমি মুক্তি দিলাম তাকে ও তার পরিবারকে, তবে তার স্ত্রীকে ছাড়া। আমি তাকে ধ্বংসপ্রাপ্তদের মধ্যে সাব্যস্ত করে রেখেছিলাম। — আল-বায়ান

অতঃপর আমি তাকে ও তার পরিবারবর্গকে রক্ষা করলাম, তার স্ত্রী ব্যতীত। আমি তার ভাগ্য ধ্বংসপ্রাপ্তদের মধ্যে নির্ধারণ করেছিলাম। — তাইসিরুল

অতঃপর তাকে ও তার পরিজনবর্গকে আমি উদ্ধার করলাম, তার স্ত্রী ব্যতীত, তাকে করেছিলাম ধ্বংসপ্রাপ্তদের অন্তর্ভুক্ত। — মুজিবুর রহমান

So We saved him and his family, except for his wife; We destined her to be of those who remained behind. — Sahih International

৫৭. অতঃপর আমরা তাকে ও তার পরিজনবর্গকে উদ্ধার করলাম, তার স্ত্রী ছাড়া, আমরা তাকে অবশিষ্টদের অন্তর্ভুক্ত করেছিলাম।

তাফসীরে জাকারিয়া

- (৫৭) অতঃপর তাকে ও তার স্ত্রী ব্যতীত তার পরিজনবর্গকে উদ্ধার করলাম। তার স্ত্রীর জন্য অবশিষ্ট লোকদের ভাগ্য নির্ধারণ করলাম।[1]
 - [1] অর্থাৎ, প্রথমেই তার ব্যাপারে তার ভাগ্য-লিপিতে এটি লিখা ছিল যে, সে ঐ সমস্ত পিছনে থাকা অবশিষ্ট লোকেদের মধ্যে গণ্য হবে; যাদের উপর আযাব আসবে।

তাফসীরে আহসানল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3216

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন